

অন্তিম ... ১.১.১৯৩৬ ...

সংখ্যা ... ২০৪৭ ...



রংপুরের ৭টি কলেজেও শিক্ষার্থী ভর্তি সমস্যা

রংপুর, ১০^ই অক্টোবর
(সংবাদদাতা)।—রংপুর শহরের ৩টি
সরকারী কলেজে আসন সংখ্যা কম
হওয়ায় চলতি শিক্ষাবর্ষে একাদশ
শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি সমস্যা দেখা
দিয়েছে।

চলতি শিক্ষাবর্ষে রংপুর শহর এলাকার
৩টি সরকারী কলেজ এবং ৪টি
বেসরকারী কলেজে একাদশ শ্রেণীতে
ছাত্র-ছাত্রী ভর্তি করা হচ্ছে। এগুলো
হচ্ছে—সরকারী কারমাইকেল
কলেজ, সরকারী রংপুর কলেজ,
সরকারী বেগম রোকেয়া মহিলা
কলেজ, রংপুর ক্যান্টঃ পাবলিক
কলেজ, মাহিগঞ্জ কলেজ, সমাজ
কল্যাণ বিদ্যাবিধী মহিলা কলেজ এবং
রংপুর পৌর নৈশ কলেজ।

এসব কলেজের মধ্যে তিনটি সরকারী
কলেজ এবং রংপুর ক্যান্টঃ পাবলিক
কলেজে ভর্তির ব্যাপারেই ছাত্র-ছাত্রীরা
বেশী আগ্রহী। কিন্তু এসব কলেজে
আসন সংখ্যা সীমিত হওয়ায় বহু
ছাত্র-ছাত্রীকে নিরাশ হতে হচ্ছে।

সরকারী কারমাইকেল কলেজে কলা,
বিজ্ঞান ও বাণিজ্য এ তিনটি বিভাগের
৬শ' আসনের জন্য ১ হাজার ২শ' ১৮
জন প্রার্থী ভর্তি নির্বাচনী পরীক্ষা
দিয়েছে। সরকারী রংপুর কলেজে
অনুরূপ তিনি বিভাগের ৬শ' আসনের
জন্য ১ হাজার ৪শ' ৫০টি দরখাস্ত
জমা পড়েছে। সরকারী বেগম
রোকেয়া মহিলা কলেজের কলা ও
বিজ্ঞান বিভাগের ৩শ' আসনের জন্য
৬শ' এর বেশী দরখাস্ত জমা পড়েছে।

এদিকে, বেসরকারী কলেজগুলোর
মধ্যে রংপুর ক্যান্টঃ পাবলিক
কলেজের ভর্তি নির্বাচনী পরীক্ষায়
আসন সংখ্যার ছিঞ্চণেরও বেশী
সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষা
দিয়েছে।

অন্যান্যদিকে অপর ৩টি বেসরকারী
কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য
জোরসোর প্রচারকার্য চালানো হচ্ছে।
কিন্তু এ ৩টি কলেজের সংস্থান যোগ্য
সবগুলো আসনে ছাত্র-ছাত্রী ভর্তি
করার পরও প্রায় ২ হাজার
ছাত্র-ছাত্রীকে রংপুর শহর এলাকার
কলেজে পড়ার সুযোগ থেকে বাধিত

হতে হবে।
এ অবস্থার নিরসনে ভর্তিচু ছাত্র-ছাত্রী
এবং অভিভাবক মহল থেকে সরকারী
কলেজ ৩টিতে আসন সংখ্যা
বাড়ানোর জন্য দাবী জানানো হয়েছে।
সেই সাথে বেসরকারী
কলেজগুলোতেও অধিক সংখ্যক
ছাত্র-ছাত্রী ভর্তি করানোর মত
প্রয়োজনীয় শিক্ষক ও আনুসংগঠিক
শিক্ষাপোকরণ বাড়ানোর দাবী
উঠেছে।